তারিখ 26 OCT 2015
পৃষ্ঠা 2 কলাম 2

যুগান্তর

# মেডিকেলে প্রশ্ন ফাঁসের অভিযোগ ভিত্তিহীন : বিএমএ

যুগান্তর রিপোর্ট

২০১৫-১৬ শিক্ষাবর্ষে অনুষ্ঠিত এমবিবিএস ভর্তি পরীক্ষায় প্রশ্ন ফাঁসের যে অভিযোগ করা হয়েছে, তা একবারেই ভিত্তিহীন ও অমূলক বলে প্রতিবেদন প্রকাশ করেছে বাংলাদেশ মেডিকেল অ্যাসোসিয়েশন (বিএমএ)। রোববার বিএমএ সহসভাপতি ডা. এমএ রউফ সরদার, সদস্য ডা. মো. জামাল উদ্দিন চৌধুরী এবং ডা. মোসাদ্দেক আহমেদের সই করা এ প্রতিবেদন প্রকাশ করা হয়।

প্রতিবেদনে বলা হয়, ২০১৫-১৬ শিক্ষাবর্ষে অনুষ্ঠিত এমবিবিএস ভর্তি পরীক্ষা নিয়ে যে পরিস্থিতি সৃষ্টি হয়েছে তার পরিপ্রেক্ষিতে প্রকৃত সত্য উদ্ঘাটনে ১৯ অক্টোবর বিএমএর পক্ষ থেকে পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থী, অভিভাবক এবং স্বাস্থ্য অধিদফতরের প্রতিনিধিদের সঙ্গে এক মতবিনিময় সভার আয়োজন করা হয়। সভায় নাগরিক সমাজের পক্ষ থেকে দু'জন সাংবাদিকও উপস্থিত ছিলেন। সভায় বিস্তারিত আলোচনার পর শিক্ষার্থী, অভিভাবক ও নাগরিক সমাজের প্রতিনিধিরা প্রশ্ন ফাঁস সংক্রান্ত সব তথ্য ও প্রমাণসহ লিখিত অভিযোগ ২০ অক্টোবর রাত ৮টায় বিএমএ'র কাছে দাখিল করার সিদ্ধান্ত হয়। তথ্য-প্রমাণের ভিত্তিতে বিএমএ একটি সুষ্ঠু তদন্ত করবে এবং প্রশ্ন ফাঁসের প্রমাণ পাওয়া গেলে সমাধানের উদ্যোগ গ্রহণ করবে এ সিদ্ধান্ত হয়।